

M.A. Part-II Examination 2009

বাংলা

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

প্রথমার্ধ

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) পৌরাণিক নাট্যকার হিসেবে গিরিশচন্দ্রের কৃতিত্ব বিচার করো।

(খ) সামাজিক নাটকের রূপকার হিসেবে দীনবন্ধুর মূল্যায়ন করো।

(গ) বাংলা নাটকে বিজন ভট্টাচার্যের দান সম্পর্কে আলোচনা করো।

(ঘ) বাংলা রাজনৈতিক নাটক রচনায় উৎপল দত্তের কৃতিত্ব বিচার করো ।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৫

(ক) গিরিশ ঘোষ রচিত দুটি ঐতিহাসিক নাটকের নাম প্রকাশকালসহ লেখো ।

(খ) বাংলা নাট্যাভিনয়ের ইতিহাসে ১৮৭৬ খৃষ্টাব্দের গুরুত্ব সংক্ষেপে লেখো ।

(গ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি পৌরাণিক নাটকের নাম প্রকাশকালসহ লেখো ।

(ঘ) ইবসেন ও মলিয়ার-এর প্রভাব সমৃদ্ধ একটি করে বাংলা নাটকের নাম ও তাদের রচয়িতাদের নাম লেখো ।

(ঙ) টভের 'রাজস্থান' গ্রন্থের উপাদান অবলম্বনে রচিত চারটি বাংলা নাটকের নাম লেখো ।

(চ) রবীন্দ্রনাথের দুটি নৃত্যনাট্যের নাম প্রকাশকালসহ উল্লেখ করো ।

(ছ) 'তাসের দেশ' নাটক ও 'নটীর পূজা' নাটকের পূর্বরূপের নাম ও শ্রেণী উল্লেখ করো ।

(জ) নিম্নোক্ত চরিত্রগুলির কোনটি কোন্ নাটকের অন্তর্গত ?

ভীমসিংহ, নিমচাঁদ, যোগেশ, উপনন্দ ।

(ঝ) অমৃতলাল বসুর একটি ঐতিহাসিক নাটক, একটি পৌরাণিক নাটক, একটি দেশাত্মবোধক নাটক ও একটি প্রহসনের নাম করো ।

দ্বিতীয়ার্থ

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

- ১। মধুসূদনের ‘বুড়ো শালিখের ঘাড়ে রোঁ’ প্রহসন হিসাবে কতটা সার্থক, আলোচনা করো । ১৬
- ২। ‘সধবার একাদশী’ নাটকের কেন্দ্রীয় চরিত্র অটলবিহারী নয়, নিমচাঁদ — যথার্থ্য বিশ্লেষণ করো । ১৬
- ৩। ‘প্রফুল্ল’ নাটকটি ট্রাজেডি হিসাবে কতটা সার্থক বলে তোমার মনে হয় ? — যুক্তিসহ আলোচনা করো । ১৬
- ৪। ট্রাজিক চরিত্র হিসাবে নূরজাহান কতটা সার্থক, ‘নূরজাহান’ নাটক অবলম্বনে আলোচনা করো । ১৬
- ৫। ‘মালিনী’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো । ১৬

- ৬। ‘নবান্ন’ নাটকে গ্রামবাংলার যে দুর্গতি ও প্রতিরোধের চিত্র ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ১৬
- ৭। ‘অলীকবাবু’ নাটকের সংলাপ কতটা বিষয়োপযোগী বলে তোমার মনে হয়— দৃষ্টান্ত দিয়ে আলোচনা করো। ১৬
- ৮। একাক্ষনাটক হিসাবে মন্থর রায়ের ‘অসাধারণ’ কতটা সার্থক? ১৬
-